গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা
লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, ই-মেইলঃ lalmatiagirlscollege@yahoo.com


স্মারক নং-
তাং.................

তারিখ: ০৬.০৫.২০২৪

## ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন রেজিস্ট্রেশন আবেদন আগামী ০৭/০৫/২০২৪ থেকে ২০/০৫/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত চলবে।

আবেদনের যোগ্যতা: ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions এর Masters Tab এ গিয়ে Apply Now (Masters Private) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (সম্মান), স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন ও একটি নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া সরকারি মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য বিষয় ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সাথে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে। অত:পর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximun file size : 50Kb. দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি স্ক্যান করে আপলোড করতে হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। **বিস্তারিত জানা যাবে:** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইটে (www.lalmatiamohilacollege.edu.bd).

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ওয়েব সাইট থেকে আবেদন ফরম পূরণ করার পর শিক্ষার্থীদেরকে কলেজের প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে বিষয় ভিত্তিক নির্ধারিত কাউন্টারে উপস্থিত হয়ে বিল সংগ্রহ করে কলেজ ক্যাম্পাসে অবস্থিত আইএফআইসি ব্যাংকের কালেকশন বুথে টাকা জমা দিয়ে (সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :**

(ক) অনার্স/প্রিলিমিনারি এর রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি।
(খ) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি।
(গ) অনলাইন প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।
(ঘ) আবেদন ফরম পূরণের সময় দ্বৈত ভর্তি সংক্রান্ত যে অঙ্গীকারনামা প্রদান করা হয়েছে তার কপি।

মাস্টার্স (প্রাইভেট) বিষয়সমূহ ঃ ১। বাংলা, ২। ইংরেজি, ৩। সমাজবিজ্ঞান, ৪। রাষ্ট্রবিজ্ঞান, ৫। অর্থনীতি, ৬। মার্কেটিং ৭। হিসাববিজ্ঞান, ৮। ব্যবস্থাপনা ও ৯। ফিন্যান্স এন্ড ব্যাংকিং।

6.5.2024

(অধ্যাপক নাজনীন আক্তার চৌধুরী)
অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭

০৬/০৫/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা
লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, ই-মেইলঃ lalmatiagirlscollege@yahoo.com

স্মারক নং-

তারিখ: ০৬.০৫.২০২৪

২০২২সালে মাস্টার্স (প্রাইভেট) কোর্সে শিক্ষার্থীদেরকে ভর্তির সময় পরিশোধ করতে হবে (জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফিসহ):

| ক্রমিক নং | খাতের নাম | এমএ/এমএসএস/এমবিএ |
|---|---|---|
| ১. | ভর্তি ফি | ৩০/- |
| ২. | রেজিস্ট্রেশন ফি (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত) | ৮০০/- |
| ৩. | রেঞ্জার ফি (কলেজ) | ৪০/- |
| ৪. | রোভার স্কাউট ফি (কলেজ) | ১৬/- |
| ৫. | সাহিত্য ও সংস্কৃতি ফি | ৫০/- |
| ৬. | ম্যাগাজিন ফি | ৩০/- |
| ৭. | মসজিদ তহবিল ফি | ৫০/- |
| ৮. | ধর্মীয় অনুষ্ঠান ফি | ৩০/- |
| ৯. | অভ্যন্তরীণ ক্রীড়া ও কমনরুম ফি | ৪০/- |
| ১০. | বহি: ক্রীড়া ফি | ৫০/- |
| ১১. | কল্যাণ তহবিল/দরিদ্র তহবিল ফি | ২০/- |
| ১২. | চিকিৎসা ফি | ২০/- |
| ১৩. | পরিচয় পত্র ফি | ৩০/- |
| ১৪. | রেড ক্রিসেন্ট ফি | ২০/- |
| ১৫. | লাইব্রেরী ফি | ২৫/- |
| ১৬. | অধিভুক্তি ফি | ৫০/- |
| ১৭. | উন্নয়ন তহবিল ফি | ২০০/- |
| ১৮. | বিবিধ | ১০০/- |
| ১৯. | আইসিটি ফি | ২০/- |
| ২০. | বিজ্ঞান ক্লাব ফি | ২০/- |
| ২১. | ব্যবস্থাপনা ফি | ৫০/- |
| ২২. | ডিজিটাল কার্যক্রম | ৪০০/- |
| ২৩. | ইউটিলিটি ফি (বিদ্যুৎ, পানি, গ্যাস ও টেলিফোন) | ৫০০/- |
| ২৪. | সেমিনার ফি | ৪০০/- |
| ২৫. | প্রাথমিক আবেদন ফি (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত) | ৩০০/- |
| | মোট | ৩,২৯১/- |

অভ্যন্তরীন পরীক্ষা ফি (ইনকোর্স) প্রতি পত্রে ৪০/- টাকা পরীক্ষার পূর্বে প্রদান করতে হবে।

6.5.2024

(অধ্যাপক নাজনীন আক্তার চৌধুরী)
অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।

০৬/০৫/২০২৪ ৬/৫/২৪